



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, বরিশাল
www.bkkb.barisaldiv.gov.bd



সাধারণ চিকিৎসা সাহায্যের আবেদনপত্র বাছাই সংক্রান্ত বিভাগীয় কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ সোহরাব হোসেন
পরিচালক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
বিভাগীয় কার্যালয়, বরিশাল

সভার স্থান : পরিচালক এর অফিস কক্ষ
তারিখ : ২৪-০৮-২০২১ খ্রি.
সময় : সকাল ১১.০০ টা

[সভার উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য]

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আজকের আলোচ্যসূচি অনুযায়ী এ কার্যালয়ে প্রাপ্ত সাধারণ চিকিৎসা সাহায্যের আবেদনপত্রসমূহ উপস্থাপন করা হয়।

আলোচনা : সরকারি ও বোর্ডের আওতাভুক্ত ২০টি স্বয়ংক্রিয় সংস্থায় কর্মরত, অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী এবং মৃত কর্মকর্তা ও কর্মচারীর পরিবারবর্গের নিকট হতে প্রাপ্ত সর্বমোট ১৭০টি আবেদনপত্র সভায় উপস্থাপন করা হয়। এর মধ্যে আপত্তির জবাবের ২৬টি আবেদনও সভায় উপস্থাপন করা হয়। বাছাই কমিটির সদস্যগণ সকল আবেদন যাচাই-বাছাই করে বোর্ড কর্তৃক প্রদত্ত নীতিমালা অনুযায়ী রোগের গুরুত্ব, ধরণ ও খরচের যৌক্তিকতা এবং আবেদনকারীর স্ট্যাটাস বিবেচনা করে বিভিন্ন হারে অর্থ বরাদ্দের সুপারিশ করেন।

বাছাইকৃত ১৭০টি আবেদনের মধ্যে ১২৯টি আবেদন সঠিক পাওয়া যায়। অবশিষ্ট ২৯টি আবেদনে বিভিন্ন ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হওয়ায় অর্থ মঞ্জুরি স্থগিত করা হয় এবং ১২টি আবেদনে বাতিলের কারণ থাকায় তা বাতিল করা হয়।

সিদ্ধান্ত :


- ১) ১৭০টি আবেদনপত্র সঠিক থাকায় তাদের অনুকূলে বোর্ডের নির্ধারিত হার অনুযায়ী সাধারণ চিকিৎসার জন্য সংশ্লিষ্ট তালিকায় বরাদ্দের সুপারিশ করা হয়।
- ২) ২৯টি আবেদনপত্রের কাগজপত্রে ত্রুটি পরিলক্ষিত হওয়ায় তা আপত্তি স্থগিত এবং ১২টি আবেদনপত্র বাতিলের যথার্থ কারণ থাকায় বাতিল করার সুপারিশ করা হয়। পরবর্তীতে স্থগিতকৃত আবেদনকারীদের আবেদন স্থগিতের কারণ বিভিন্নভাবে মোবাইল ম্যাসেজের মাধ্যমে অবহিত করতে হবে।

- ৩) বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত আবেদনপত্রগুলো পুনরায় যাচাই ও চূড়ান্ত অর্থ মঞ্জুরি প্রদানের জন্য বিভাগীয় সাধারণ চিকিৎসা সাহায্য অনুদান বরাদ্দ উপকমিটির সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে : ১. কল্যাণ অফিসার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বরিশাল।

২. দায়িত্বপ্রাপ্ত অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, বাককবো, বরিশাল।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


০৭.০৯.২০২১

(মোঃ সোহরাব হোসেন)

পরিচালক

ও

আহবায়ক

বিভাগীয় সাধারণ চিকিৎসা সাহায্য
অনুদান বরাদ্দ বাছাই কমিটি, বরিশাল

নম্বর- ০৫.৮১.০০০০.০০৮.৩৩.০৫২.১৯-১৮২

তারিখ : ০৭-০৯-২০২১ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে :

০১। সিভিল সার্জন, বরিশাল।

০২। কম্পিউটার অপারেটর, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বরিশাল (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।



০৭.০৯.২১

(সঞ্জীব কুমার সরকার)

কল্যাণ অফিসার

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
বিভাগীয় কার্যালয়, বরিশাল